



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২ অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



নং- বামাশিবো/প্রশাসন/ফেনী-১৫/

২৯৫৮

তারিখঃ ০২/১০/২০১৮খ্রিঃ

বিষয় : মাদ্রাসার নাম পরিবর্তন প্রসঙ্গে।

- সূত্রঃ
- ১) স্মারক নং- ৫৭.০০.০০০০.০৮৫.০১৮.০৯.১৮-২৮৪; তারিখঃ ০৩ জুলাই ২০১৮ খ্রিঃ
 - ২) নং-বামাশিবো/প্রশাসন/ফেনী-১৫/২৮৭৩; তারিখঃ ২৩/০৪/২০১৭ খ্রিঃ
 - ৩) স্মারক নং- ০০.৩০১৪.০৩৩.০০.০১.১৮৮.২০১৭-২৯১; তারিখঃ ১৭/০৫/২০১৭ খ্রিঃ
 - ৪) নং-বামাশিবো/প্রশাসন/ফেনী-১৫/১৫২৪; তারিখঃ ০৩/০২/২০১৬ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে সবিনয়ে জানানো যাচ্ছে যে, ফেনী জেলার ছাগলনাইয়া উপজেলাধীন 'দাইয়াবিবি আজিমিয়া ইসলামিয়া আলিম মাদ্রাসা'র নাম পরিবর্তন করে 'দাইয়াবিবি আজিম উদ্দিন আহমেদ আলিম মাদ্রাসা' নামে নামকরণের জন্য পরিচালনা কমিটির সভার রেজুলেশন ও অন্যান্য কাগজপত্রসহ মাদ্রাসার অধ্যক্ষ আবেদনপত্র দাখিল করেন।

আবেদনের পরিপ্রেক্ষিতে মাদ্রাসাটি সরজমিনে পরিদর্শন পূর্বক প্রতিবেদন প্রেরণের জন্য উপজেলা নির্বাহী অফিসার, ছাগলনাইয়া, ফেনীকে সূত্রোক্ত ৪নং স্মারকে পত্র দেওয়া হয়। উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ছাগলনাইয়া, ফেনী এর মাধ্যমে মাদ্রাসাটি পরিদর্শন পূর্বক সূত্রে উল্লিখিত ৩নং স্মারকে একটি প্রতিবেদন প্রেরণ করেন। প্রতিবেদনে মাদ্রাসার নাম 'দাইয়াবিবি আজিমিয়া ইসলামিয়া আলিম মাদ্রাসা'র নাম পরিবর্তন করে বিশিষ্ট শিল্পপতি, দানবীর ও শিক্ষানুরাগী জনাব আজিম উদ্দিন আহমেদ এর নামে 'দাইয়াবিবি আজিম উদ্দিন আহমেদ আলিম মাদ্রাসা' নামে নামকরণ করা যেতে পারে মর্মে মতামত দেয়া হয়েছে। এছাড়া শিক্ষা মন্ত্রণালয়ের নং- শাঃ ১১/বিবিধ-৩৯/৯৬/৩৫৯(৬০৫)-শিক্ষা; তারিখঃ ১০/০৪/২০০১ খ্রিঃ স্মারকের প্রজ্ঞাপন অনুযায়ী সাউথইস্ট ব্যাংক লিমিটেড, ছাগলনাইয়া শাখা, ফেনীতে মাদ্রাসার নামে ১৫,০০,০০০/- (পনের লক্ষ) টাকা সংরক্ষিত তহবিলে জমা রাখা হয়েছে।

পরবর্তীতে 'দাইয়াবিবি আজিমিয়া ইসলামিয়া আলিম মাদ্রাসা'র নাম পরিবর্তন করে 'দাইয়াবিবি আজিম উদ্দিন আহমেদ আলিম মাদ্রাসা' নামে নামকরণের জন্য মাদ্রাসা কর্তৃপক্ষ গৃহীত পদক্ষেপসমূহ যথাযথ প্রক্রিয়া মোতাবেক অনুসরণ করা হয়েছে মর্মে উল্লেখ করে নাম পরিবর্তনের বিষয়ে সদয় অনুমোদন প্রদানের জন্য শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের সচিব মহোদয়ের নিকট সূত্রোক্ত ২নং স্মারকে পত্র প্রেরণ করা হয়। পত্রের প্রেক্ষিতে শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ কর্তৃক সূত্রোক্ত ১নং স্মারকে অনুমোদন দেয়া হয়েছে।

বর্ণিত অবস্থায় নথির সকল কাগজপত্র পর্যালোচনা পূর্বক 'দাইয়াবিবি আজিমিয়া ইসলামিয়া আলিম মাদ্রাসা'র নাম পরিবর্তন করে 'দাইয়াবিবি আজিম উদ্দিন আহমেদ আলিম মাদ্রাসা' নামে নামকরণ করা হল এবং "দাইয়াবিবি আজিম উদ্দিন আহমেদ আলিম মাদ্রাসা, ডাকঘর- পূর্ব শিলুয়া, উপজেলাঃ ছাগলনাইয়া, জেলাঃ ফেনী, মাদ্রাসা কোড- ১৮০৯৮, EIIN NO- ১০৬৪৮৪" পরিবর্তিত নামে সংশ্লিষ্ট সকলকে কার্যক্রম পরিচালনার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

০১.১০.১৮

প্রফেসর মোঃ মজিবুর রহমান

রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোনঃ ৯৬১২৮৫৮

প্রাপকঃ অধ্যক্ষ, দাইয়াবিবি আজিম উদ্দিন আহমেদ আলিম মাদ্রাসা
ডাকঘর- পূর্ব শিলুয়া, উপজেলাঃ ছাগলনাইয়া, জেলাঃ ফেনী।

নং- বামাশিবো/প্রশাসন/ফেনী-১৫/

তারিখঃ ০৯/২০১৮খ্রিঃ

বিতরণ : কর্মসূচী ও জ্ঞাতার্থে-

১. সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
দৃষ্টি আকর্ষণ : অতিরিক্ত সচিব (মাদ্রাসা), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
২. মহা-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৩. মহা-পরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৪. পরিচালক, বেনবেইজ, নীলক্ষেত, ঢাকা। (আলোচ্য মাদ্রাসা সংক্রান্ত নথিতে/ফাইলে উল্লিখিত পরিবর্তিত নাম ব্যবহারের অনুরোধসহ)
৫. জেলা প্রশাসক, ফেনী।
৬. পরীক্ষা নিয়ন্ত্রক/পরিদর্শক, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা। (পরিবর্তিত নাম ব্যবহারের অনুরোধসহ)
৭. উপ-রেজিস্ট্রার কমন/প্রশাসন, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা। (পরিবর্তিত নাম ব্যবহারের অনুরোধসহ)
৮. উপজেলা নির্বাহী অফিসার, ছাগলনাইয়া, ফেনী।
৯. উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, চট্টগ্রাম অঞ্চল চট্টগ্রাম।
১০. সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা। (কম্পিউটার কেন্দ্রের আলোচ্য মাদ্রাসা সংক্রান্ত সকল নথিতে/ফাইলে উল্লিখিত নাম ব্যবহারের অনুরোধসহ)
১১. জেলা শিক্ষা অফিসার, ফেনী।
১২. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ছাগলনাইয়া, ফেনী।
১৩. প্রোগ্রামার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা। (কম্পিউটার কেন্দ্রের আলোচ্য মাদ্রাসা সংক্রান্ত সকল নথিতে/ফাইলে উল্লিখিত নাম ব্যবহারের অনুরোধসহ)
১৪. সহকারী পরিদর্শক, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, আঞ্চলিক কার্যালয়, চট্টগ্রাম।
১৫. সভাপতি, দাইয়াবিবি আজিম উদ্দিন আহমেদ আলিম মাদ্রাসা, ডাকঘর- পূর্ব শিলুয়া, উপজেলাঃ ছাগলনাইয়া, জেলাঃ ফেনী।
১৬. পি এ টু চেয়ারম্যান/রেজিস্ট্রার/পরীক্ষা নিয়ন্ত্রক/পরিদর্শক, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
১৭. অফিস কপি।

মোঃ মজিবুর রহমান

উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোনঃ ৯৬৭৪৮৭৪